

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০০০.০৭.০০১৬.২৬ নথির বিষয়: Supply of uPVC Pipe for Emergency maintenance work.

নোট: ১ নোটের বিষয়: Supply of uPVC Pipe for Emergency maintenance work. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২২/২/২৬ ৬:৫৯ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগার এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান আছে। শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের আবাসিক ভবনসমূহ এবং ওয়াকস্টেশনসমূহের প্লাস্টিং পাইপ ফিটিংস এবং সেনেটারি মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ছোটখাট নুতন নির্মাণ কাজ নিজস্ব জনবল দ্বারা করা হয়ে থাকে। এসকল কাজের জন্য plumbing pipe, fittings, sanitary items ইত্যাদি প্রয়োজন হয়। উল্লেখিত মালামাল না থাকার কারনে রক্ষণাবেক্ষণ কাজগুলো যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হয় না। শোধনাগারের ফেজ-২ ইউনিটে পুরাতন চাইনিজ শেডে ড্রাইভার, হেলপার, হাউজকিপারসহ বেশ কিছু লোক পরিবার নিয়ে বসবাস করে। ওয়াকস্টেশন সুয়ার লাইনটি অনেক পুরোনো হওয়ায় প্রায় অকেজো অবস্থায় আছে। তাই জরুরী ভিত্তিতে সুয়ার লাইনটি মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। উল্লেখিত কাজের জন্য পাইপ, ফিটিং ও অন্যান্য মালামাল সংগ্রহ করা প্রয়োজন। প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করা হলে শোধনাগারের নিজস্ব জনবল দিয়ে স্বল্পতম সময়ের মধ্যে মেরামত কাজটি করা সম্ভব হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২২/২/২৬ ৬:৫৯ অপরাহ্ন

পদ্মা পানি শোধনাগার এর WTP ইউনিটের পুরাতন চাইনিজ শেডে বিদ্যমান সুয়ার লাইনটি মেরামত ও রক্ষণাবেক্ষণ করার জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করার লক্ষ্যে বাজার দরের আলোকে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ট.২৪,৯৬০/= (টাকা চব্বিশ হাজার নয়শত ষাট মাত্র) টাকা। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ২৩২ অর্থাৎ বার্ষিক বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে নির্বাহ করা যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৪):

১। ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।.pdf

২। Quotation.pdf

৩। PPR-25 RULES.pdf

৪। আলোচ্য কাজের প্রাক্কলন।.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২২/২/২৬ ৭:০০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার এর WTP ইউনিটের পুরাতন চাইনিজ শেডে বিদ্যমান সুয়ার লাইনটি মেরামত ও রক্ষণাবেক্ষণ করার জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০ (১) মোতাবেক নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ট.২৪,৯৬০/= (টাকা চব্বিশ হাজার নয়শত ষাট মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং- ২৩২) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

স্বাক্ষর

সি

২৪/২/২৬ ১১:২৪ পূর্বাহ্ন
অমিত বিশ্বাস
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

ফর

২৪/২/২৬ ১১:২৬ পূর্বাহ্ন
মোঃ ফরহাদ হোসেন
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

আমিন

২৪/২/২৬ ১১:২৬ পূর্বাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

SE, WSTP

২-৩। স্বাক্ষর অনুমোদিত,

Sen, WSTP Sei

স্বাক্ষর

24/02/2026

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।